

ঢাকা ওয়াসা

- ০১। অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি
০২। পূর্বানুমোদিত দরের কপি।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

Sub:- Repair of axial thrust bearing for Submersible Pump-Motor set under F.M.Division-1
কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক ১ হতে ৪ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার এফ এম বিভাগ-১ এর আওতাধীন অর্থায়ন মডস জোন-১/২/৩/৬/৭ এর আওতাধীন প্রায় ৬৫০ টিরও অধিক পানির পাম্পের যাবতীয় পাম্প মোটর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। এ সকল পাম্পে বিভিন্ন ক্যাপাসিটির বিভিন্ন ব্রাউন্ডের সাব-মারসিবল পাম্প মোটর ব্যবহার করা হয়। মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনে উৎপাদন বৃদ্ধির জন্য নতুন/রি-জেনারেশন/প্রতিস্থাপিত কুপে পাম্প স্থাপনের জন্য প্রতিবছর গড়ে ৩৫০টির অধিক সাব-মারসিবল পাম্প মোটর প্রয়োজন হয়। নতুন সাবমারসিবল পাম্পের পাশাপাশি ব্যবহৃত পাম্পের বিভিন্ন যন্ত্রাংশ পরিবর্তন করে, মেরামত ও মেশিনিং করে অথবা বিভিন্ন পার্টস অংশ আন্ত পরিবর্তন করে ব্যবহার উপযোগী করা হয়। সাবমারসিবল পাম্প মোটর সেটের মধ্যে Axial Thrust Bearing একটি গুরুত্বপূর্ণ পার্টস যা পাম্প মোটর রানিং অবস্থায় সম্পূর্ণ Vertical ভাবে Load বহন করে। কোন পাম্প মোটরের ওয়াভিং ভাল থাকলে এবং বিয়ারিং ক্ষতিগ্রস্ত হলে বিয়ারিংটি পরিবর্তন অথবা রিপেয়ার করা ছাড়া পাম্প মোটরটি পুনরায় ব্যবহার উপযোগী করা যায় না। বর্তমানে এফ.এম বিভাগ-১ এর বিভাগীয় ভান্ডারে প্রায় ১০০(এক শত) টির অধিক বিয়ারিং ক্ষয়প্রাপ্ত হয়ে মজুদ আছে। ইতোমধ্যে ক্ষয়প্রাপ্ত Axial Thrust Bearing রিপেয়ার করে বিভিন্ন কিউসেক পাম্প মোটরে ব্যবহার করা হলে ঢাকা ওয়াসার আর্থিক ভাবে লাভজনক হচ্ছে। সেই লক্ষ্যে ৭১ সেট Axial Thrust Bearing মেরামত করার লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে (সংযুক্ত ক্রমিক নং-০২) একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে, যাতে মোট টাকার পরিমান দাড়িয়েছে সর্বমোট= ৪,৯৭,০০০.১৪২ (চার লক্ষ সাতানব্বই হাজার এবং পয়সা এক চার দুই) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০৩) এর ক্রমিক নং-২৮, পিডব্লিউ-১৯ হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-০১)।

০২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি বিশেষ বৈশিষ্ট্যের (Submersible Pump-Motor) কারনে কেবল সীমিত সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদন যোগ্য এবং উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদকৃত তালিকা e-GP তে সংরক্ষিত আছে বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির উপ-বিধি ১ মোতাবেক Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e-PW2(b) অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হবে।

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ এম বিভাগ-১ এর আওতাধীন Repair of axial thrust bearing for Submersible Pump-Motor set under F.M.Division-1 কাজটি করণের লক্ষ্যে উপস্থাপিত মোট = ৪,৯৭,০০০.১৪২ (চার লক্ষ সাতানব্বই হাজার এবং পয়সা এক চার দুই) টাকা মাত্র প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পি.পি.আর-২০০৮ এর ৬৩ বিধির উপ-বিধি ১ মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM, e-GP) আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ মুহাম্মদ আলম
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

৩.৪.২৫
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।